HindustanTimes বাংলা



# এরা সব মাত্রা ছাড়িয়ে গিয়েছে, ৫০ বছরে এরকম দুর্নীতি কখনও দেখিনি: জহর সরকার

1d 75 shares

শিক্ষক নিয়োগ দুর্নীতি নিয়ে ফের একবার রাজ্য সরকারের সমালোচনায় সরব হলেন প্রাক্তন আমলা তথা পদত্যাগী তৃণমূল সাংসদ জহর সরকার। শনিবার সংবাদমাধ্যমে সোজা সাপটা তিনি বলেন, এরা মাত্রা ছাড়িয়ে গিয়েছে। ৫০ বছরে এরকম দুর্নীতি আমি দেখিনি।

আরজি কর কাণ্ডের প্রতিবাদে তৃণমূলের রাজ্যসভার সাংসদ পদে ইস্তফা

আ আপনার জন্য
ন নিউজ
ক্রাইম
ক্রিকেট
অপারেশন সিঁদুর
ফুটবল
ডেইলি শেয়ার
মুভি এবং বিনোদন
আরও হ্যাশট্যাগ (3)

আমাদের সম্পর্কে সাহায্য

রাজ্য সরকারের দুর্নীতির জেরে হারানো চাকরি ফেরানোর দাবিতে যখন প্রচণ্ড দাবদাহের মধ্যে বিধাননগরের বিকাশ ভবনের সামনে লাগাতার আন্দোলন চালিয়ে যাচ্ছেন চাকরিহারা যোগ্য শিক্ষকরা তখন নিয়োগ দুর্নীতি নিয়ে ফের একবার মুখ খুললেন তিনি।

এদিন জহর সরকার বলেন, 'একটা সমাধান তো খুঁজে বার করতে হবে। ২৬ হাজার শিক্ষকের জীবন নিয়ে টানাটানি চলছে। ২০১৬ সালে এই পরীক্ষা হয়েছিল। অর্থাৎ ১০ বছর হতে চলল। এই ১০ বছরের মধ্যে কোনও সমাধান করা গেল না? আমি তো বিকাশ ভবনে সচিব হিসাবে কাজ করেছি। এই ধরণের কথা আমরা কোনও দিন শুনিনি। এই মাত্রায় দুর্নীতি, লাল টাকার পাহাড় আমরা কোনও দিন দেখিনি। আমার মনে হয় মাত্রা ছাড়িয়ে গিয়েছে। আমি ৫০ বছর আগে চাকরিতে ঢুকেছি। আমি ৫০ বছরে এরকম দেখিনি।'

এর আগেও একাধিকবার তৃণমূলের বিরুদ্ধে মুখ খুলে সরব হয়েছেন জহর সরকার। এমনকী তাঁর অনুমতি না নিয়েই তৃণমূলের রাজ্যসভার প্রার্থী হিসাবে তাঁর নাম ঘোষণা করা হয় বলে অভিযোগ করেন তিনি। জহরবাবু বলেছিলেন, 'আমি এই দলের সদস্য হিসাবে চাঁদা দিয়ে কোনও দিন ঢুকিনি। আমাকে মুখ্যমন্ত্রী ও দলনেত্রী নিজে ফোন করে আসতে বলেছিলেন। আমি একটু ইতস্তত করছিলাম। যতক্ষণ ইতস্তত করছিলাম